"শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ"
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
কেন্দ্রীয় সচিবালয়
ওয়াপদা ভবন (২য় তলা), মতিঝিল, ঢাকা
www.bpdb.gov.bd

জরুরি

নম্বর: ২৭.১১.০০০০.১০১.৫২.০০৩.২১-৩৩৩

তারিখ: ৩০ আষাঢ় ১৪২৮ / ১৪ জুলাই ২০২১

অফিস আদেশ

পবিত্র ঈদুল আযহা উদযাপন, জনসাধারণের যাতায়ত, ঈদ পূর্ববর্তী ব্যবসা-বাণিজ্য পরিচালনা, দেশের আর্থ-সামাজিক অবস্থা এবং অর্থনৈতিক কার্যক্রম স্বাভাবিক রাখার স্বার্থে আগামী ১৪ জুলাই ২০২১ তারিখ মধ্যরাত থেকে ২৩ জুলাই ২০২১ তারিখ সকাল ০৬.০০ ঘটিকা পর্যন্ত মন্ত্রিপরিষদ বিভাগের ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২০৩ ও ২১৩ নং স্মারকদ্বয়ে আরোপিত সকল বিধি-নিষেধ শিথিল করা হয়েছে। তবে, এ সময়ে সর্বাবস্থায় জনসাধারণকে সতর্কাবস্থায় থাকা এবং মাস্ক পরিধানসহ স্বাস্থ্যবিধি কঠোরভাবে অনুসরণ করতে বলা হয়েছে।

২। করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) সংক্রমণের বর্তমান পরিস্থিতি বিবেচনায় মন্ত্রিপরিষদ বিভাগ ১৩ জুলাই ২০২১ তারিখ ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২২৮ নং স্মারকে কিছু শর্তাবলি সংযুক্ত করে ২৩ জুলাই ২০২১ তারিখ সকাল ০৬.০০ ঘটিকা হতে ০৫ আগস্ট ২০২১ তারিখ দিবাগত রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত সার্বিক কার্যাবলী/চলাচলে বিধি-নিষেধ আরোপ করেছে।

৩। মন্ত্রিপরিষদ বিভাগের উক্ত নির্দেশনার আলোকে **২৩ জুলাই ২০২১ তারিখ সকাল ০৬.০০ ঘটিকা হতে ০৫ আগস্ট ২০২১ তারিখ দিবাগত রাত ১২.০০ ঘটিকা** পর্যন্ত বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক গৃহীত নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ স্বাস্থ্যবিধি মেনে যথাযথ বাস্তবায়ন ও প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল:

ক) সাধারণ নির্দেশাবলী:

১. সকল প্রকল্প/দপ্তর/পরিদপ্তর কেবল জরুরি কাজ সম্পাদনের জন্য সীমিত পরিসরে খোলা রাখা যেতে পারে;

২. ঢাকায় অবস্থিত অফিস সমূহ জরুরি প্রয়োজনে সীমিত পরিসরে খোলা রাখলে কর্মকর্তা/কর্মচারীকে আনা-নেওয়ার ক্ষেত্রে যানবাহনের জন্য পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর এর সাথে যোগাযোগ করতে হবে;

৩. বোর্ডসভার কার্যপত্র (বৃহস্পতিবার দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে) ও কার্যবিবরণী ই-নথিতে প্রেরণ করতে হবে। যে সকল দপ্তর ই-নথিতে সংযুক্ত নয় সে সকল দপ্তর নিয়ন্ত্রণকারী সদস্যের অনুমোদন সাপেক্ষে কার্যপত্র ও কার্যবিবরণী স্ক্যান করে PDF ও Soft কপি (নিকস্ ফন্টে) (ds.board@bpdb.gov.bd) ই-মেইলে প্রেরণ করতে হবে;

৪. সকল কর্মকর্তা/কর্মচারীকে দ্রুত নিকটস্থ স্বাস্থ্য কেন্দ্রে নিবন্ধন করে কোভিড-১৯ এর টিকা গ্রহণ করতে হবে।

খ) বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের জন্য নির্দেশাবলী:

১. সারাদেশের বিদ্যুৎ উৎপাদন ব্যবস্থা সচল রাখার স্বার্থে সকল বিদ্যুৎ কেন্দ্র চালু থাকবে;

২. বিদ্যুৎ কেন্দ্রের অভ্যন্তরে অবস্থানরত কর্মকর্তা/কর্মচারীদের সকলপ্রকার ছুটি বন্ধসহ বিদ্যুৎ কেন্দ্র এলাকার বাইরে বের হওয়া থেকে বিরত রাখতে হবে। বহিরাগতদের প্রবেশ নিষিদ্ধ থাকবে;

৩. বিদ্যুৎ কেন্দ্র এলাকার বাইরে অবস্থানরত কর্মকর্তা/কর্মচারীদের নির্ধারিত স্বাস্থ্য কেন্দ্র/হাসপাতাল হতে কোভিড-১৯ পরীক্ষা করে ফলাফল নেগেটিভ হলে তাকে অনূন্য এক মাস বিদ্যুৎ কেন্দ্রে অবস্থানের শর্তে বিদ্যুৎ কেন্দ্রের অভ্যন্তরে প্রবেশের অনুমতি প্রদান করা যাবে;

চলমান-২

৪. বিদ্যুৎ কেন্দ্রের প্রধান প্রবেশদ্বার বন্ধ থাকবে। বিদ্যুৎ কেন্দ্রে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের জরুরি প্রয়োজনে বহিঃসেবা গ্রহণের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিদ্যুৎ কেন্দ্র কর্তৃপক্ষ প্রতিদিন ১ (এক) ঘন্টার জন্য প্রধান প্রবেশদ্বার খোলা রাখবে।

গ) বিতরণ অঞ্চলের জন্য নির্দেশাবলী:

১. বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা স্বাভাবিক রাখার স্বার্থে আওতাধীন সকল বিতরণ বিভাগ/অঞ্চল খোলা থাকবে;

২. বিতরণ বিভাগ/অঞ্চলের কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে ক্ষুদ্র ক্ষুদ্র দল গঠন করতঃ সার্বক্ষণিক গ্রাহক সেবা প্রদানে পালাভিত্তিক দায়িত্ব প্রদান করতে হবে;

৩. গ্রাহক অভিযোগসমূহ দ্রুত সমাধানে এলাকা/ফিডার ভিত্তিক দলগত ব্যবস্থাপনা ও নজরদারি বৃদ্ধি করতে হবে।

ঘ) প্রকল্প এলাকার জন্য নির্দেশাবলী:

১. উৎপাদন/বিতরণ অঞ্চলের সকল প্রকল্পের কাজ চলমান থাকবে;
৬
২. পরিকল্পনা অনুযায়ী চলমান প্রকল্পসমূহ মানসম্মতরূপে যথাসময়ে বাস্তবায়নের লক্ষ্যে ঠিকাদারী প্রতিষ্ঠানের সাথে সমন্বয় জোরদার ও নজরদারি বৃদ্ধি করতে হবে।

১৪-০৭-২০২১
(সাইফুল ইসলাম আজাদ)
সচিব
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা
☏: ০২-৯৫৫৪২০৯
ই-মেইল: Secretary@bpdb.gov.bd

নম্বর: ২৭.১১.০০০০.১০১.৫২.০০৩.২১-৩৩৩

তারিখ: ৩০ আষাঢ় ১৪২৮ / ১৪ জুলাই ২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব,মন্ত্রিপরিষদ বিভাগ,বাংলাদেশ সচিবালয়,ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্যসচিব,প্রধানমন্ত্রীর কার্যালয়,তেজগাঁও,ঢাকা।
২। সিনিয়র সচিব/সচিব,জননিরাপত্তা বিভাগ/জনপ্রশাসন মন্ত্রণালয়/বিদ্যুৎ বিভাগ/স্বাস্থ্য সেবা বিভাগ,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৩। সদস্য, প্রশাসন/অর্থ/কোম্পানি অ্যাফেয়ার্স/পরিকল্পনা ও উন্নয়ন/উৎপাদন/বিতরণ, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।
৪। সকল প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রকল্প পরিচালক(প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী)/ মহাব্যবস্থাপক/নিয়ন্ত্রক(হিসাব ও অর্থ)/প্রধান চিকিৎসা কর্মকর্তা, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
৫। মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ,জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব,প্রধানমন্ত্রীর কার্যালয়,তেজগাঁও,ঢাকা।
৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। চীফ স্টাফ অফিসার টু চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। সকল পরিচালক/ব্যবস্থাপক/তত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক/অতিরিক্ত পরিচালক, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার কেন্দ্র, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা (অফিস আদেশটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
১০। সকল উপসচিব/নির্বাহী প্রকৌশলী/উপ-পরিচালক/আবাসিক প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
১৩। অফিস কপি।

১৪-০৭-২০২১
(প্রনব কুমার ঘোষ)
উপসচিব (সংস্থাপন)
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা
☏: ০২-২২৩৩৮০৫২৩